**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার স্বচ্ছতা বজায় রেখে নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।**

**(৩) চলতি বছরের মার্চ মাস পর্যন্ত ন্যাশনাল পেনশন সিস্টেম অর্থাৎ এন.পি.এস-এর আওতায় নথিভুক্ত সুবিধাভোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে দুই কোটি সতেরো লক্ষ।**

**(৪) আকাশবাণীর ৯০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আজ নতুন দিল্লিতে ম্যারাথনের আয়োজন করা হয়।**

*****************************************

**TBSE Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। এবছর মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ৮৪.১৮ শতাংশ। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ৭৯.৩৩ শতাংশ। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গন চৌধুরী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে ফলাফল প্রকাশ করে জানান, এ বছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৩২,১৮৪ জন। এর মধ্যে পাশ করেছে ২৭,০৯৪ জন। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ২৬,৫০২ জন। এর মধ্যে পাশ করেছে ২১,০২৪ জন। মাধ্যমিক পরীক্ষায় পাশ-এর নিরিখে মহকুমাভিত্তিক সেরা ফলাফল হয়েছে করবুক মহকুমা। পাশের হার ৯৭.৯১ শতাংশ।

এ বছর মাধ্যমিক পরীক্ষায় মোট ২৭১টি বিদ্যালয়ে পাশের হার ১০০ শতাংশ। মাধ্যমিক সমতুল্য মাদ্রাসা আলিম পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৪১ জন। এর মধ্যে পাশ করেছে ১২৮ জন। উচ্চ মাধ্যমিক সমতুল্য মাদ্রাসা ফাজিল পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৪ জন। এর মধ্যে পাশ করেছে ৭৯ জন।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের নিরিখে মহকুমাভিত্তিক সেরা ফলাফল করেছে জম্পুইজলা মহকুমা। ছাত্রছাত্রীদের পাশ-এর হার ৯৮. ১৬ শতাংশ। এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৬২টি বিদ্যালয়ে পাশের হার ১০০ শতাংশ। সাংবাদিক সম্মেলনে পর্ষদ সচিব ড. জয়দীপ ভট্টাচার্য জানান, এ বছর তাৎক্ষণিকভাবে মেধাতালিকা প্রকাশ করা হয়নি। পরবর্তী সময়ে রিভিউ প্রক্রিয়া ও 'বছর বাঁচাও' পরীক্ষার ফলাফল প্রকাশের পর প্রথম দশজনের মেধা তালিকা প্রকাশ করা হবে।

****************************

**CM-IPAT :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের জন্য বহু বিনিয়োগকারী আগ্রহ প্রকাশ করছেন। সেক্ষত্রে রাজ্যে নতুন নতুন শিল্প স্থাপিত হলে কর্মসংস্থানের বিরাট সুযোগ সৃষ্টি হবে। আজ সচিবালয়ে 'ইনভেস্টমেন্ট প্রোমোশন এজেন্সি অফ ত্রিপুরা'র গভর্নিং বডির বৈঠকে তিনি একথা বলেন। তিনি বিশেষভাবে জনজাতি অধ্যুষিত এলাকার যুবক-যুবতীদের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, তাদের মধ্যেও মেধা ও দক্ষতার কোনো অভাব নেই। এই দক্ষতাকে আরও উন্নত ও কার্যকরভাবে কাজে লাগাতে পারলে রাজ্যের প্রান্তিক এলাকাতেও শিল্প গড়ে তোলার বিরাট সম্ভাবনা রয়েছে।

বৈঠকে সাব্রুমের জলেফায় বিশেষ অর্থনৈতিক অঞ্চলে শিল্প স্থাপনের বিভিন্ন প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি ধলাই জেলার কুলাইয়ে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে ৫০টি এম.বি.বি.এস আসন বিশিষ্ট একটি মেডিক্যাল কলেজ স্থাপনের বিষয়েও আলোচনা হয়।

****************************

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার স্বচ্ছতা বজায় রেখে নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে এক অনুষ্ঠানে রাজস্ব, স্বাস্থ্য এবং নির্বাচন দপ্তরে মোট ১১৫ জনকে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি নব নিযুক্ত কর্মচারীদের উদ্দেশে বলেন, কর্মচারীরা সাধারন মানুষের কাছে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব নিয়ে পরিষেবা পৌঁছে দিলে, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা সম্ভব। স্বচ্ছতা বজায় রেখে নিষ্ঠার সঙ্গে কর্মচারীদের কাজ করতে আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

*************************

**Suvendu Adhikary :**

প্রবীণ বিজেপি নেতা শুভেন্দু অধিকারী আজ পশ্চিমবঙ্গ বিজেপি পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন। আজ কলকাতায় অনুষ্ঠিত পরিষদীয় দলের বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আনুষ্ঠানিকভাবে শুভেন্দু অধিকারীর নাম ঘোষণা করেন। পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকারের শপথগ্রহণ অনুষ্ঠান আগামীকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে। উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সহ বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীগণও শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

*************************

**Army-Operation Sindoor :**

অপারেশন সিন্দুর-এর প্রথম বর্ষপূর্তি উপলক্ষে রেড শিল্ড ডিভিশন ও স্পিয়ার কোর্পস-এর উদ্যোগে আগরতলার বিভিন্ন স্থানে নানা কর্মসূচি পালিত হয়েছে। এর অংশ হিসেবে সরকারি আর্ট অ্যান্ড ক্র্যাফট কলেজ ও এমবিবি কলেজে আয়োজিত বিশেষ অধিবেশনে পড়ুয়াদের এই অভিযানের

রণকৌশল ও বীরগাথা সম্পর্কে অবগত করা হয়। আলবার্ট এক্কা যুদ্ধস্মারকসহ শহরের প্রধান কেন্দ্রগুলোতে প্রদর্শনীর মাধ্যমে ভারতীয় সেনার এই অসামান্য সাফল্য ও দেশপ্রেমের চেতনাকে তুলে ধরা হয়েছে।

***********************

**Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে আরো সু-সংহত করতে রাজ্য সরকার আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছে। সরকারের লক্ষ্য রাজ্যের সর্বস্তরের জনগণের কাছে গণবন্টন ব্যবস্থার সুফল পৌঁছে দেয়া। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে খাদ্য দপ্তর আয়োজিত নিরাপদ পণ্য, আত্মবিশ্বাসী ভোক্তা" শীর্ষক এক সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, গণবন্টন ব্যবস্থায় স্বচ্ছতা ও কার্যকারিতা নিশ্চিত করার জন্য ব্যবসায়ী  এবং সরকারি কর্মকর্তাদের সম্মিলিত প্রচেষ্টা অপরিহার্য। তিনি রাজ্যের খাদ্য নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করতে এবং ভোক্তাদের স্বার্থ রক্ষায় সংশ্লিষ্ট সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। পাশাপাশি তিনি ন্যায্য মূল্যের দোকানের ডিলারদের সঙ্গে রাজ্যে গণবন্টন ব্যবস্থার কার্যকারিতা এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ বিষয়ে এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন। এই পর্যালোচনা সভায় খাদ্যমন্ত্রী রেশন ডিলারদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন এবং এই সমস্যাগুলো থেকে উত্তরণের উপায় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

***************************

**Kabi Pranam :**

আগামীকাল ২৫শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী। এ উপলক্ষ্যে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামীকাল সকালে আগরতলার রবীন্দ্র কাননে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন শিল্প ও বানিজ্যমন্ত্রী সান্তনা চাকমা, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক

মজুমদার। ছন্দনীড় সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে আগামীকাল সকালে কবি প্রণাম অনুষ্ঠান উদযাপন করা হবে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**National Pension System :**

চলতি বছরের মার্চ মাস পর্যন্ত ন্যাশনাল পেনশন সিস্টেম অর্থাৎ এন.পি.এস-এর আওতায় নথিভুক্ত সুবিধাভোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে দুই কোটি সতেরো লক্ষ। পেনশন তহবিল নিয়ন্ত্রক ও উন্নয়ন কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত এই প্রকল্পটি অবসর গ্রহণের পর নাগরিকদের দীর্ঘমেয়াদী আর্থিক নিরাপত্তা প্রদান করে। এনপিএস-এর অধীনে ব্যবস্থাপনাধীন সম্পদের পরিমাণ প্রায় ১৬ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে। এখন পর্যন্ত অটল পেনশন যোজনার আওতায় এসেছে ৮ কোটি ৯৬ লক্ষের বেশি সুবিধাভোগী। ২০১৫ সালের মে মাসে চালু হওয়া এই প্রকল্পের লক্ষ্য হলো নাগরিকদের, বিশেষ করে অসংগঠিত খাতের কর্মীদের জন্য একটি সার্বজনীন সামাজিক সুরক্ষা ব্যবস্থা

গড়ে তোলা। এই প্রকল্পটি ১৮ থেকে ৪০ বছর বয়সী ব্যক্তিদের জন্য উন্মুক্ত।

*************************

**Red Cross Day :**

৭৯তম বিশ্ব রেডক্রস দিবস উদযাপন উপলক্ষ্যে ভারতীয় রেডক্রস সোসাইটির ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে আজ রাজ্যের আট জেলায় এক যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। আগরতলায় রেডক্রশ সোসাইটির রাজ্য শাখার কার্যালয়ে সোসাইটির রাজ্য শাখার সভাপতি রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন।

এ বছর বিশ্ব রেডক্রশ দিবসের ভাবনা মানবতায় ঐক্যবদ্ধ হওয়া। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, রক্তদান মহৎ দান। আট জেলায় রক্তদানের আয়োজন–এবছরের প্রতিপাদ্য বিষয়ের যথাযথভাবে সমার্থক হয়েছে। সুস্থ সবল ব্যক্তিদের রক্তদানে এগিয়ে আসার উপর তিনি গুরুত্ব দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে আগরতলা পুর মেয়র দীপক মজুমদার রেডক্রশ সোসাইটির এই ধরনের উদ্যোগের প্রশংসা করে বলেন, শুধু রক্তদানের মধ্যেই সীমিত থাকলে চলবে না, রেডক্রস সোসাইটিকে অন্যান্য মানবিক কাজেও সমানভাবে এগিয়ে আসার পরামর্শ দেন তিনি।

অনুষ্ঠানে বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি অলক কুমার চক্রবর্তী বলেন, আজকের রক্তদান শিবিরে BSF জওয়ানদের পক্ষ থেকে রক্তদান করা হয়। তিনি রক্তদানের পাশাপাশি সবাইকে দেহদানের অঙ্গীকারে এগিয়ে আসার আহ্বান জানান।

রেডক্রশ সোসাইটির রাজ্য শাখার চেয়ারম্যান বি. কে. রায় জানান শিবিরে আজ ১০০ জন রক্তদান করছেন। অনুষ্ঠানে রেডক্রস সোসাইটির সাধারন সম্পাদক চন্দন দেবনাথ স্বাগত ভাষণ দেন।

বিশ্ব রেডক্রস উপলক্ষে আজ সিপাহীজলা জেলার সোনামুড়া টাউন হলে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি

সোনামুড়া মহকুমা কমিটির উদ্যোগে আয়োজিত–এই রক্তদান শিবিরের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। শিবিরে রেডক্রসের স্বেচ্ছাসেবক সহ মোট ৪৫ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Census :**

২০২৭ সালের জন গণনার প্রক্রিয়াকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উদয়পুর সার্কিট হাউজে আজ থেকে শুরু হয়েছে জেলাভিত্তিক প্রশিক্ষণ শিবির। আজ তিন দিনব্যাপী শিবিরের প্রথম দিনে জনগননার বিভিন্ন ডিজিটাল সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দেন জাতীয়স্তরের প্রশিক্ষক শুভজিৎ দেবরায়। কর্মশালার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন রাজ্য জনগণনা দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস। শিবিরে উপস্থিত ছিলেন অতিরিক্ত দুই জেলা শাসক সুভাষ আচার্য ও সঞ্জীব দেববর্মা, গোমতী জেলার উদয়পুর, অমরপুর ও করবুক মহকুমার মহকুমা শাসক, আটটি ব্লকের ব্লক আধিকারিক ও জন গণনার কাজে নিযুক্ত আধিকারিকগণ।

***************************

**Akashvani–Marathon :**

আকাশবাণীর ৯০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আজ নতুন দিল্লিতে ম্যারাথনের আয়োজন করা হয়। আকাশবাণী, দূরদর্শন এবং প্রসার ভারতীর কর্মচারীরা স্ব–পরিবারে ম্যারাথনে অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী এবং আকাশবাণীর মহানির্দেশক রাজীব কুমার জৈন।

**************************

**AIR–Classical Music :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আগামী ১৫ই মে, শুক্রবার, সন্ধ্যা ৬টায় আগরতলার সুকান্ত অ্যাকাডেমিতে একটি বিশেষ শাস্ত্রীয় সঙ্গীতানুষ্ঠান আয়োজিত হতে চলেছে। আকাশবাণী আগরতলা আয়োজিত এই মনোজ্ঞ অনুষ্ঠানে সবার প্রবেশ অবাধ।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, খোয়াই, ঊনকোটি, ধলাই ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস।

***********************